



নং-১৯.০১.৪৬০১.১০১.৪৬.০৯০.১৯-২৫৫

০৩ জুন ২০২১

পাসপোর্টে নাম (নিজ, পিতা ও মাতা) ও বয়স সংশোধন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সুইডেন, নরওয়ে এবং ফিনল্যান্ড প্রবাসী সকল বাংলাদেশীদের অবগতির জন্যে জানানো যাচ্ছে, বর্তমান পাসপোর্টে নিজের নাম, পিতা-মাতার নাম ও জন্ম তারিখ সংক্রান্ত তথ্য সংশোধন মর্মে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ কর্তৃক ২৮ এপ্রিল, ২০২১ তারিখে জারিকৃত নির্দেশনা মোতাবেক আগামী ৬ (ছয়) মাসের মধ্যে পাসপোর্টের ভুল তথ্য সংশোধনের জন্য দূতাবাসে আবেদন করতে পারবেন।

তথ্য সংশোধনের জন্য যে সব কাগজ-পত্র দাখিল করতে হবে

- ১। নিজের নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি সংশোধনের জন্য জাতীয় পরিচয়পত্র অথবা শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত শিক্ষাগত যোগ্যতার সনদের কপি জমা দিতে হবে। যাদের এরূপ সনদ নেই, তারা হালনাগাদ জন্ম নিবন্ধন সনদ দিয়েও আবেদন করতে পারবেন।
- ২। শিশুদের ক্ষেত্রে হালনাগাদ জন্ম নিবন্ধন সনদ দিয়ে আবেদন করা যাবে।
- ৩। জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের বেশি বয়স পরিবর্তনের আবেদন গ্রহণ করা হবে না।
- ৪। পাসপোর্টের আবেদনের সাথে স্বাভাবিক নিয়মে দাখিলযোগ্য অন্যান্য কাগজপত্র, যেমন- Passport Copy/Permanent Resident Card/Job ID Card/Student ID Card এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি দাখিল করতে হবে।
- ৫। আবেদনকারীকে তথ্য পরিবর্তনের জন্য লিখিত আবেদন করতে হবে এবং হলফনামা প্রদান করতে হবে। ভবিষ্যতে কোন আইনী জটিলতা হলে আবেদনকারী দায়ী থাকবেন এই মর্মে ঘোষণা থাকতে হবে।
- ৬। তথ্য সংশোধনের জন্য আবেদন করার শেষ তারিখ ২৮ অক্টোবর, ২০২১।

বাংলাদেশ দূতাবাস, স্টকহোম

